



দয়া করে ১২ তারিখ পর্যন্ত চাঁদাবাজি বন্ধ রাখুন: বিএনপির প্রার্থী



বিএনপি মনোনীত প্রার্থী সরওয়ার জামাল নিজাম। ছবি: সংগৃহীত

চট্টগ্রাম-১৩ (আনোয়ারা ও কর্ণফুলী) আসনের বিএনপি প্রার্থী সরওয়ার জামাল নিজাম চাঁদাবাজি ১২ ফেব্রুয়ারি পর্যন্ত বন্ধ রাখার আহ্বান জানিয়েছেন।

গুৱেবার (৬ ফেব্রুয়ারি) রাতে আনোয়ারা উপজেলার চাতরী এলাকায় নির্বাচনি কার্যালয় উদ্বোধনের সময় তিনি বলেন, চাতরী হলো এলাকার প্রাণকেন্দ্র এবং অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ। এখানে ব্যবসা-বাণিজ্য ও মানুষের আয়ের ওপর পুরো এলাকার গতি নির্ভরশীল।

সরওয়ার জামাল নিজাম বলেন, “এখানে নৈরাজ্য, সন্ত্রাস ও চাঁদাবাজি চলছে। যারা চাঁদাবাজি করছেন, আমি অনুরোধ জানাচ্ছি—১২ তারিখ পর্যন্ত বন্ধ রাখুন।” তিনি আরও সতর্ক করে বলেন, বিএনপির ভাবমূর্তিতে আঘাত করার চেষ্টা করা হলে কাউকে ছাড় দেয়া হবে না।

LENS ASIA